# ১১তম শিক্ষক নিবন্ধন (NTRCA) পরীক্ষা - ২০১৪ (স্কুল পর্যায়-২)
## পরীক্ষার তারিখ- ১২.১২.২৪ইং

**১) চলিত রীতির শব্দ নয় কোনটি?**

ক) করবার খ) করার
গ) করিবার ঘ) করে

**সঠিক উত্তরঃ গ) করিবার**

• 'করিবার' শব্দটি হলো সাধুরীতির শব্দ।
এছাড়া আরও কিছু সাধুরীতির শব্দ হলো- তাঁহারা, পাইয়াছিলেন, আসিয়া ইত্যাদি।
সাধু ও চলিত রীতির বৈশিষ্ট
সাধু রীতি
(ক) বাংলা লেখ্য সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট।
(খ) এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।
(গ) সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী।
(ঘ) এ রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠনপদ্ধতি মেনে চলে।
চলিত রীতি
(ক) চলিত রীতি পরিবর্তনশীল। একশ বছর আগে যে চলিত রীতি সে যুগের শিষ্ট ও ভদ্রজনের কথিত ভাষা বা মুখের বুলি হিসেবে প্রচলিত ছিল, কালের প্রবাহে বর্তমানে তা অনেকটা পরিবর্তিত রূপ লাভ করেছে।
(খ) এ রীতি তত্ভব শব্দবহুল।
(গ) চলিত রীতি সংক্ষিপ্ত ও সহজবোধ্য এবং বক্তৃতা, আলাপ-আলোচনা ও নাট্যসংলাপের জন্য বেশি উপযোগী ।
(ঘ) সাধু রীতিতে ব্যবহৃত সর্বনাম ও ক্রিয়াপদ চলিত রীতিতে পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে। বহু বিশেষ্য ও বিশেষণের ক্ষেত্রেও এমনটি ঘটে।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**২) "ভুষণ্ডির কাক' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?**

ক) একই স্বভাবের খ) মূর্খ
গ) কপট ব্যক্তি ঘ) দীর্ঘজীবী

**সঠিক উত্তরঃ ঘ) দীর্ঘজীবী**

- "ভুষণ্ডির কাক' বাগধারাটির অর্থ হলো দীর্ঘজীবী ব্যক্তি।
যেমন- কবর কবিতায় বৃদ্ধ দাদু পরিবারের সবাইকে হারিয়ে ভুষণ্ডির কাকের মত বেঁচে আছে।
এছাড়াও-
• ভিটায় ঘুঘু চরানো – সর্বস্বান্ত করা।
• ভাঁড়ে মা ভবানী – ভাণ্ডার শূন্য।
• বাপের ঠাকুর – শ্রদ্ধেয় ব্যক্তি।
• ভস্মে ঘি ঢালা – অপাত্রে দান করা।
উৎস: প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি, ড. হায়াৎ মামুদ।

**৩) কোন বানানটি সঠিক?**

ক) সমীচীন খ) সমিচিন
গ) সমীচিন ঘ) সমিচীন

**সঠিক উত্তরঃ ক) সমীচীন**

- অপশনে প্রদত্ত বানান গুলোর মধ্যে শুদ্ধবানান - সমীচীন।
সমীচীন (বিশেষণ)
- এটি সংস্কৃত ভাষার শব্দ।
এর অর্থ: - সংগত; উপযুক্ত; উত্তম;
উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৪) বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?**

ক) হাইফেন খ) কমা
গ) দাঁড়ি ঘ) লোপ চিহ্ন

**সঠিক উত্তরঃ খ) কমা**

- বাংলা ভাষায় কতগুলো যতি বা চিহ্ন আছে। এরমধ্যে 'কমা বা পদচ্ছেদ' একটি।
- বাড়ি বা রাস্তার নম্বরের পরে সাধারণত এই যতি চিহ্নটি ব্যবহৃত হয়ে থাকে।
- কমা ব্যবহারের ফলে সাধারণত ১(এক) বলতে যে সময় লাগে সেই পরিমাণ সময় বিরতির প্রয়োজন হয়।
এছাড়াও যেসব ক্ষেত্রে 'কমা' চিহ্ন ব্যবহার করা যায়-
১. বাক্য পাঠকালে সুস্পষ্টতা বা অর্থবিভাগ দেখানোর জন্য যেখানে স্বল্প বিরতির প্রয়োজন, সেখানে কমা ব্যবহৃত হয়। যেমন- সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।
২. পরস্পর সম্বন্ধযুক্ত একাধিক বিশেষ্য বা বিশেষণ পদ একসঙ্গে বসলে শেষ পথটি ছাড়া বাকি সবগুলোর পরেই কমা বসবে। যেমন সুখ, আশা, নৈরাশ্য।
৩. সম্বন্ধনের পরে কমা বসাতে হবে । যেমন- রশিদ, এদিকে এসো।
৪. জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খণ্ডবাক্যের পরে কমা বসবে। যেমন— কাল যে লোকটি এসেছিল, সে আমার পূর্বপরিচিত।
৫. উদ্ধরণ চিহ্নের পূর্বে (খণ্ডবাক্যের শেষে) কমা বসাতে হবে। যেমন— সাহেব বললেন, "ছুটি পাবেন না।
৬. মাসের তারিখ লিখতে বার ও মাসের পর 'কমা' বসবে। যেমন— ১৬ই পৌষ, বুধবার, ১৩৯৯ সন।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৭. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কমা বসবে। যেমন— ৬৮, নবাবপুর রোড, ঢাকা-১০০০।

৮. নামের পরে ডিগ্রিসূচক পরিচয় সংযোজিত হলে সেগুলোর প্রত্যেকটির পরে কমা বসবে। যেমন— ডক্টর মুহম্মদ এনামুল হক, এম.এ. পি-এইচ.ডি।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**৫) ভাষার কোন রীতি তদ্ভব শব্দ বহুল?**

ক) সাধু রীতি খ) চলিত রীতি

গ) কথ্য রীতি ঘ) বানান রীতি

**সঠিক উত্তরঃ খ) চলিতরীতি**

- চলিতরীতি হলো তদ্ভব শব্দ বহুল।
- চলিতরীতির অনেকগুলো বৈশিষ্টের মধ্যে এটি অন্যতম।

আরও কিছু বৈশিষ্ট হলো-

(ক) চলিত রীতি পরিবর্তনশীল। একশ বছর আগে যে চলিত রীতি সে যুগের শিষ্ট ও ভদ্রজনের কথিত ভাষা বা মুখের বুলি হিসেবে প্রচলিত ছিল, কালের প্রবাহে বর্তমানে তা অনেকটা পরিবর্তিত রূপ লাভ করেছে।

(খ) এ রীতি তদ্ভব শব্দবহুল।

(গ) চলিত রীতি সংক্ষিপ্ত ও সহজবোধ্য এবং বক্তৃতা, আলাপ-আলোচনা ও নাট্যসংলাপের জন্য বেশি উপযোগী ।

(ঘ) সাধু রীতিতে ব্যবহৃত সর্বনাম ও ক্রিয়াপদ চলিত রীতিতে পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে। বহু বিশেষ্য ও বিশেষণের ক্ষেত্রেও এমনটি ঘটে।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**৬) 'For good' এর সঠিক অর্থ কোনটি?**

ক) ভালো হওয়া খ) গড়িমসি

গ) ক্ষণতরে ঘ) চিরতরে

**সঠিক উত্তরঃ ঘ) চিরতরে**

- 'For good' এর সঠিক অর্থ হলো 'চিরতরে'

এছাড়াও-

• Fixed Deposit— মেয়াদি সঞ্চয়। • Flexible— নমনীয়।
• Fluid - তরল । • Flower show- পুষ্প প্রদর্শনী ।
• Flora— উদ্ভিদকূল। • Floriculture- পুষ্পবিদ্যা ।
• Folio- পত্র, পত্রাঙ্ক । • Forgery— জালিয়াতি ।
• Follow up— অনুসরণ। • Folk Song- লোকসংগীত।

উৎস: প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি, ড. হায়াৎ মামুদ।

**৭) অনুবাদ কোনটির সহায়ক?**

ক) ভাষার উন্নতি খ) জ্ঞান চর্চার

গ) ভাষার শৃঙ্খলার ঘ) কাব্য রচনার

**সঠিক উত্তরঃ খ) জ্ঞান চর্চার**

- Translation-এর পারিভাষিক শব্দ হলো অনুবাদ।
- অনুবাদ হলো 'জ্ঞান চর্চার'সহায়ক।
- এর বাংলা অর্থ তরজমা, ভাষান্তর, পুনঃপুন কথন প্রভৃতি।
- কোনো বক্তব্য বা রচনাকে এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরিত করাকে অনুবাদ বলা হয়।
- তাই অনুবাদ হলো মূলত রূপান্তর। যেকোনো রচনায় বক্তব্যের বিষয়কে পরিবর্তন না করে ভাষাগত পরিবর্তন করাকে বলা হয় অনুবাদ।
- তবে এটি আসলে সম্ভব নয়। কারণ প্রত্যেক ভাষার শব্দ ও প্রকাশ অনুভূতির মধ্যে কিছুটা স্বাতন্ত্র্য থাকে, যা অনুবাদের সময় কিছুটা হলেও ভিন্নতা এনে দেয়।
- ইংরেজিতে you শব্দের অর্থ তুমি। সুতরাং 'You are my teacher.' বলতে 'তুমি আমার শিক্ষক' বললে যথার্থ হবে না।
- অনুবাদ করতে হবে : আপনি · আমার শিক্ষক 'অনু' ও 'বাদ' শব্দের সমন্বয়ে 'অনুবাদ' শব্দ গঠিত।
- অতএব 'অনুবাদ' শব্দের আক্ষরিক অর্থ অনুরূপ বক্তব্য, অর্থাৎ যেটি অনুবাদ করা হচ্ছে সেটির অনুরূপ ভাবের বা বাদ-এর প্রতিফলন ঘটানোই হলো অনুবাদ।
- সে হিসেবে কোনো বক্তব্য বা রচনাকে এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরিত করাকে অনুবাদ বলা হয়।

উৎস: প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি, ড. হায়াৎ মামুদ।

**৮) Waste not, want not এর সঠিক অনুবাদ কোনটি?**

ক) অপচয় করলে অভাবে পড়তে হয়

খ) অপচয় অভাবের মূল কারণ

গ) অপচয় করোনা অভাবও হবে না

ঘ) অভাব থেকে বাঁচার জন্য অপচয় রোধ জরুরী

**সঠিক উত্তরঃ গ) অপচয় করোনা অভাবও হবে না**

- Waste not, want not এটি একটি প্রবাদবাক্য
- এর অর্থ 'অপচয় করোনা অভাবও হবে না'

এছাড়াও আরও কিছু প্রবাদবাক্য-

• To be too ambitious in one's plans; beggars on horseback will ride to the devil.— কাঙালের ঘোড়া রোগ।
• To break a butterfly on a wheel.— মশা মারতে কামান দাগা।
• To err is human.— মানুষ মাত্রই মতিভ্রম হয় / "মুনিনাঞ্চ মতিভ্রমঃ "।
• To kill two birds with one stone. — এক ঢিলে দুই পাখি মারা।
• To make a mountain of a molehill. — তিলকে তাল বানানো।
• To put the cart before the horse. — ঘোড়ার আগে গাড়ি জোড়া / নিয়মের বাইরে কাজ করা।
• To the pure all things are pure. — আপনি ভাল তো জগৎ ভাল।

উৎস: প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি, ড. হায়াৎ মামুদ।

**৯) 'লবণ' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?**

ক) লো + অন খ) লো + বন

গ) ল + বন ঘ) লৈ + বন

**সঠিক উত্তরঃ ক) লো + অন**

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

'লবণ'-এর সন্ধি বিচ্ছেদ-

• লো + অন ।

• এ, ঐ, ও, ঔ এর পর এ, ঐ এর স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ এর স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়।

অনুরূপভাবে-

• নে + অন = নয়ন

• নৈ+ অক = নায়ক

• পো + অন = পবন

• পৌ + অক = পাবক ইত্যাদি।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**১০) নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ কোনটি?**

ক) নিষ্কর খ) পরস্পর

গ) সন্তাপ ঘ) ষষ্ঠ

**সঠিক উত্তরঃ খ) পরস্পর**

- অপশনে প্রদত্ত শব্দের মধ্যে 'পরস্পর' হলো নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ।

এছাড়া আরও কিছু নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ হলো-

• আ+ চর্য = আশ্চর্য,

• বৃহৎ + পতি = বৃহস্পতি,

• তৎ + কর = তস্কর,

• মনস্ + ঈষা = মনীষা,

• ষট্ + দশ = ষোড়শ

• পতৎ + অঞ্জলি = পতঞ্জলি

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯সংস্করণ)।

**১১) 'চৌচালা' কোন সমাসের উদাহরণ?**

ক) বহুব্রীহি খ) দ্বিগু

গ) তৎপুরুষ ঘ) কর্মধারয়

**সঠিক উত্তরঃ ক) বহুব্রীহি**

- 'চৌচালা' হলো সংখ্যাবাচক বহুব্রীহি সমাসের অন্তর্গত।

সংখ্যাবাচক বহুব্রীহি

- পূর্বপদ সংখ্যাবাচক এবং পরপদ বিশেষ্য হলে এবং সমস্তপদটি বিশেষণ বোঝালে তাকে সংখ্যাবাচক বহুব্রীহি বলা হয়।

- এ সমাসে সমস্তপদে 'আ', 'ই' বা 'ঈ' যুক্ত হয়।

যথা-

• দশ গজ পরিমাণ যার দশগজি,

• চৌ (চার) চাল যে ঘরের

এরূপ –

• চারহাতি

• তেপায়া

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**১২) আমার যাওয়া হয়নি- 'আমার' কোন কারকে কোন বিভক্তি?**

ক) কর্মে শূন্য খ) কর্তায় শূন্য

গ) কর্তায় ষষ্ঠী ঘ) কর্মে ষষ্ঠী

**সঠিক উত্তরঃ গ) কর্তায় ষষ্ঠী**

- উল্লেখিত বাক্যে 'আমার' হলো কর্তায় ষষ্ঠী বিভক্তির অন্তর্গত।

- এটি হলো কর্তৃকারক এর উদাহরণ।

কর্তৃকারক

- বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক।

- ক্রিয়ার সঙ্গে 'কে' বা 'কারা' যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্তৃকারক।

কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

ক) প্রথমা শূন্য বা অ বিভক্তি : হামিদ বই পড়ে।

খ) দ্বিতীয়া বা কে বিভক্তি : বশিরকে যেতে হবে।

গ) তৃতীয়া বা দ্বারা বিভক্তি : ফেরদৌসী কর্তৃক শাহনামা রচিত হয়েছে।

ঘ) ষষ্ঠী বা র বিভক্তি : আমার যাওয়া হয়নি।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**১৩) সমাসের রীতি কোন ভাষা হতে বাংলায় এসেছে?**

ক) হিন্দি খ) সংস্কৃত

গ) প্রাকৃত ঘ) ইংরেজী

**সঠিক উত্তরঃ খ) সংস্কৃত**

- সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে বাংলায় এসেছে।

- সমাস মানে সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ।

- অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে।

- যেমন :

» দেশের সেবা দেশসেবা, বই ও পুস্তক = বইপুস্তক

» নেই পরোয়া যার - বেপরোয়া।

- বাক্যে শব্দের ব্যবহার সংক্ষেপ করার উদ্দেশ্যে সমাসের সৃষ্টি।

- সমাস দ্বারা দুই বা ততোধিক শব্দের সমন্বয়ে নতুন অর্থবোধক পদ সৃষ্টি হয়।

- এটি শব্দ তৈরি ও প্রয়োগের একটি বিশেষ রীতি।

- সমাসের রীতি সংস্কৃত থেকে বাংলায় এসেছে।

• তবে খাঁটি বাংলা সমাসের দৃষ্টান্তও প্রচুর পাওয়া যায়। সেগুলোতে সংস্কৃতের নিয়ম খাটে না ।

এছাড়াও-

• সমাসের প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম সমস্ত পদ।

• সমস্ত পদ বা সমাসবদ্ধ পদটির অন্তর্গত পদগুলোকে সমস্যমান পদ বলে।

• সমাসযুক্ত পদের প্রথম অংশ (শব্দ)-কে বলা হয় পূর্বপদ এবং

পরবর্তী অংশ (শব্দ)-কে বলা হয় উত্তরপদ বা পরপদ।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**১৪) ব্যতিহার কর্তার উদাহরণ কোনটি?**
ক) ছেলেরা ফুটবল খেলছে
খ) মুষলধারে বৃষ্টি পড়ছে
গ) বাঘে-মহিষে এক ঘাটে জল খায়
ঘ) শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন

**সঠিক উত্তরঃ গ) বাঘে-মহিষে এক ঘাটে জল খায়**
- ব্যাতিহার কর্তার উদাহরণ হলো 'বাঘে-মহিষে এক ঘাটে জল খায়'
ব্যাতিহার কর্তা
কোন বাক্যে যে দুইটি কর্তা একত্রে একজাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে।
যেমন- রাজায়-রাজায় লড়াই, উলুখাগড়ার প্রাণান্ত।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**১৫) নিম্নের কোনটিতে বৃত্তি অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে?**
ক) জমিদারী খ) পোদ্দারী
গ) উমেদারী ঘ) সরকারী

**সঠিক উত্তরঃ খ) পোদ্দারী**
- বৃত্তি বা পেশা অর্থে 'পোদ্দারী' শব্দটিতে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে।
- এছাড়াও আরও কিছু ক্ষেত্রে ই/ঈ প্রত্যয় যুক্ত হতে পারে।
সেগুলো হলো-
দ(ক) ভাব অর্থে: বাহাদুর ই বাহাদুরি, উমেদার-উমেদারি।
(খ) বৃত্তি বা ব্যবসায় অর্থে: ডাক্তার ডাক্তারি, মোরার-মোরারি, গোদার পোমারি, ব্যাপার- 1 ব্যাপারি, চাষ-চাষি।
(গ) মালিক অর্থে: জমিদার-জমিদারি, দোকান-দোকানি।
(ঘ) জাত, আগত বা সম্বন্ধ বোঝাতে: ভাগলপুর-ভাগলপুরি, মন্ত্রাঙ্গ-মাদ্রাজি, রেশম-রেশমি, সরকার সরকারি (সম্বন্ধ বাচক).
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯সংস্করণ)।

**১৬) একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন বসে?**
ক) কোলন খ) সেমিকোলন
গ) ড্যাস ঘ) কমা

**সঠিক উত্তরঃ ক) কোলন**
- একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে 'কোলন' চিহ্ন ব্যবহার করতে হবে।
- যেমন: সভায় সাব্যস্ত হলো: একমাস পরে নতুন সভাপতির নির্বাচন অনুষ্ঠিত হবে।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯সংস্করণ)।

**১৭) 'চাঁদ' এর সমার্থক শব্দ কোনটি?**
ক) সবিতা খ) তপন
গ) আদিত্য ঘ) বিধু

**সঠিক উত্তরঃ ঘ) বিধু**
- 'চাঁদ' এর সমার্থক শব্দ হলো 'বিধু'
চাঁদ এর সমার্থক শব্দ-
- চন্দ্র, শশী, শশধর, শশাংক, সোমা, সুধাংশু, ইন্দু, সিতাংশু, হিমাংশু
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ), নবম-দশম শ্রেণি।

**১৮) খাতক শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক) মহাজন খ) পরতন্ত্র
গ) তিরোভাব ঘ) শাঁস

**সঠিক উত্তরঃ ক) মহাজন**
- খাতক শব্দের বিপরীত শব্দ হলো 'মহাজন'।
এছাড়া আরও কিছু বিপরীত শব্দ হলো-
• ঘাটতি – বাড়তি, • জয় – পরাজয়
• গ্রহণ – বর্জন, • ঘাতক – পালক
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ), নবম-দশম শ্রেণি।

**১৯) 'পর্বত' এর সমার্থক শব্দ নয় কোনটি?**
ক) শৈল খ) অদ্রি
গ) মেদিনী ঘ) অচল

**সঠিক উত্তরঃ গ) মেদিনী**
- 'পর্বত' এর সমার্থক শব্দ নয় 'মেদিনী'।
- মেদিনী শব্দের অর্থ হলো পৃথিবী।
• 'পর্বত' এর সমার্থক শব্দ -
- পাহাড়, অদ্রি, ভূধর, শৈল, অচল
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ), নবম-দশম শ্রেণি।

**২০) 'দীপ্তি পাচ্ছে এমন'—এক কথায় কী হবে?**
ক) দ্বীপ্যমান খ) দীপ্তমান
গ) দীপ্যমান ঘ) দেদীপ্যমান

**সঠিক উত্তরঃ ঘ) দেদীপ্যমান**
এক কথায় প্রকাশের ক্ষেত্রে -
• নবব-দশম শ্রেণির ব্যাকরণ বোর্ড বই এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র অনুসারে:
- যা দীপ্তি পাচ্ছে/ যা পুনঃ পুনঃ দীপ্তি পাচ্ছে - দেদীপ্যমান।
• ভাষা শিক্ষা, হায়াৎ মামুদ অনুসারে:
- যা দীপ্তি পাচ্ছে - দীপ্তিমান।
*কিন্তু, দীপ্যমান শব্দটি এক কথায় প্রকাশ হিসেবে কোন বইয়ে পাওয়া যায় নি।*
*অর্থগত দিক থেকে বিচার করলে দীপ্যমান এবং দেদীপ্যমান শব্দ দুটি প্রায় কাছাকাছিই বলা যায়।*

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

• দ্বীপে জন্ম হয়েছে যার – দ্বৈপায়ন।
• দর্প নাশ করে যে - দর্পহারী/দর্শনাশী।
• দ্বারে থাকে যে - দ্বারী
• দোহনের যোগ্য – দোহনীয়।
• দ্রব হয়েছে যা – দ্রবীভূত।
• দাড়ি জন্মেনি যার – অজাতশ্মশ্রু। | দৃষ্টির অগোচরে – অদৃশ্য।
• দেখার ইচ্ছা— দিক্ষা।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**২১) কোনটির স্ত্রীলিঙ্গ ভিন্ন শব্দ?**

ক) বিদ্বান খ) গায়ক
গ) কোকিল ঘ) দাদা

**সঠিক উত্তরঃ ক) বিদ্বান**

- অপশনে প্রদত্ত শব্দ গুলোর মধ্যে 'বিদ্বান' এর স্ত্রীবাচক শব্দটি বিশেষ নিয়মে সাধিত হয়েছে।

• বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দ-

(ক) যেসব পুরুষবাচক শব্দের শেষে 'তা' রয়েছে, স্ত্রীবাচক বোঝাতে সেসব শব্দে 'ত্রী' হয়। যেমন— নেতা- নেত্রী, কর্তা-কর্ত্রী, শ্রোতা-শ্রোত্রী, ধাতা-ধাত্রী।

(খ) পুরুষবাচক শব্দের শেষে অত্, বান্, মান্, ঈয়ান থাকলে যথাক্রমে অতী, বতী, মতি, ঈয়সী হয়। যথা : সৎ-সতী, মহৎ-মহতী, গুণবান-গুণবতী, রূপবান-রূপবতী, শ্রীমান-শ্রীমতী, বুদ্ধিমান-বুদ্ধিমতী, গরীয়ান- - গরিয়সী।

(গ) কোনো কোনো পুরুষবাচক শব্দ থেকে বিশেষ নিয়মে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়। যেমন- সম্রাট-সম্রাজ্ঞী, রাজা-রানি, যুবক-যুবতী, শ্বশুর- শ্বশ্রূ, নর-নারী, বন্ধু-বান্ধবী, দেবর-জা, শিক্ষক-শিক্ষয়িত্রী, স্বামী- স্ত্রী, পতি-পত্নী, সভাপতি-সভানেত্রী ইত্যাদি।

বিদেশি স্ত্রীবাচক শব্দ : খান-খানম, মরদ-জেনানা, মালেক-মালেকা, মুহতারিম- মুহতারিমা, সুলতান- সুলতানা।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**২২) কোনটির শুধুমাত্র স্ত্রীবাচক হয়?**

ক) সন্তান খ) সৎ মা
গ) ঢাকী ঘ) ঘোষজা

**সঠিক উত্তরঃ খ) সৎ মা**

- কতগুলো শব্দ নিত্য স্ত্রীবাচক।
- এসকল শব্দের শুধুমাত্র স্ত্রীবাচক হয়ে থাকে।
- এগুলোর পুরুষবাচক শব্দ নাই।

•কিছু নিত্য স্ত্রীবাচক শব্দ হলো-
- সতীন, সৎ মা, এয়ো, দাই, সধবা

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

**২৩) অনূঢ়া কোনটির বাক্য সংকোচন?**

ক) যে নারীর কোনো সন্তান হয় না.
খ) যে নারী বীর সন্তান প্রসব করে
গ) যে নারীর সন্তান বাঁচে না
ঘ) যে মেয়ের বিয়ে হয়নি

**সঠিক উত্তরঃ ঘ) যে মেয়ের বিয়ে হয়নি**

- যে মেয়ের বিয়ে হয়নি - তাকে এককথায় বলে 'অনূঢ়া'।

এছাড়াও-
• যার ঘৃণা নেই – নির্ঘৃণ ।
• যিনি নিয়ন্ত্রণ করেন – নিয়ন্তা ।
• যা নিঃশেষে পান করা হয়েছে – নিপীত।
• যা খনন করা হয়েছে- নিখাত।
• যাকে নোয়ানো হয়েছে – নমিত। -
• যার রসবোধ আছে - রসিক।
• যার পূর্ব জন্মের কথা স্মরণ থাকে – জাতিস্মর
• যে নারীর সন্তান হয়ে মরে যায় – মৃতবৎসা।
• যা দৃষ্টিগোচর হয়েছে – প্রত্যক্ষীভূত।

উৎস: প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি, ড. হায়াৎ মামুদ।

**২৪) 'হরতাল' কোন ভাষার শব্দ?**

ক) গুজরাটি খ) তুর্কি
গ) পর্তুগীজ ঘ) বার্মিজ

সঠিক উত্তরঃ ক) গুজরাটি

হরতাল- 'গুজরাটি' ভাষার শব্দ।
এছাড়া- 'খদ্দর' গুজরাটির ভাষার শব্দ।

হরতাল শব্দের অর্থ-
- ধর্মঘট;
- বিক্ষোভ প্রকাশ করার জন্য যানবাহন, হাট-বাজার, - দোকান-পাট, অফিস-আদালত ইত্যাদি নির্দিষ্ট সময়ের জন্য বন্ধ করা।

উৎস: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান

**২৫) উক্তি-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**

ক) বচ্ + ক্ত খ) বচ্ + উক্তি
গ) √বচ্ + ক্তি ঘ) বচ্ + তি

**সঠিক উত্তরঃ গ) √বচ্ + ক্তি**

উক্তি-এর সঠিক প্রকৃতি-প্রত্যয়: √বচ্+ ক্তি
সংস্কৃত কৃৎ প্রত্যয় 'ক্তি' যোগে শব্দ গঠনে চ এবং জ এর স্থলে 'ক' হয়।
যেমন:
-বচ+ক্তি = উক্তি
- মুচ+ক্তি=মুক্তি ভজ+ক্তি=ভক্তি ।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ), নবম-দশম শ্রেণি।

**২৬) No sooner ____ than the students stand up.**

ক) the teacher enter the class

খ) do the teacher enter the class

গ) does the teacher enter the class

ঘ) had the teacher entered the class

**সঠিক উত্তরঃ ঘ) had the teacher entered the class**

No sooner যুক্ত বাক্যের গঠনরীতি:

- No ssoner had + Past indefinite tense.

- তাই সঠিক উত্তরটি হচ্ছে: No sooner had the teacher entered the class than the students stand up.

Source: A Passage to the English Language by S. M. Zakir Hussain.

**২৭) 1971 was the year_____**

ক) when Bangladesh is born

খ) when Bangladesh came to being

গ) when Bangladesh came into being

ঘ) when Bangladesh comes to being

**সঠিক উত্তরঃ গ) when Bangladesh came into being**

- দুটি clause 'when' দ্বারা যুক্ত হলে, when এর পূর্ববর্তী clause এর tense অনুযায়ী পরবর্তী clause এর 'verb' বসে।

- এখানে when এর পূর্ববর্তী clause, past indefinite tense এ আছে বিধায় পরবর্তী clause-ও past indefinite tense হবে।

- তাই সঠিক উত্তরটি হচ্ছে: 1971 was the year when Bangladesh comes to being.

Source: Advanced Learner's English Grammar & Composition by Chowdhury & Hossain.

**২৮) Had I the wings of a bird ______.**

ক) I flew in the sky    খ) I could fly in the sky

গ) I fly in the sky    ঘ) I would have flown in the sky

**সঠিক উত্তরঃ খ) I could fly in the sky**

Sentence এর শুরুতে If এর পরিবর্তে had বসিয়ে 2nd conditional তৈরি করা যায়।

Structure: Had + subject + object.... + Sub + would/could/might + $v_1$ + obj.

Correct Sentence: Had I the wings of a bird I could fly in the sky.

অর্থ: আমার যদি পাখির মত ডানা থাকত, তাহলে আকাশে উড়তে পারতাম।

*[বি. দ্র. - এখানে had - have এর past form হিসেবে ব্যবহৃত হয়েছে, এটাকে past perfect মনে করা যাবে না। তাই এখান second conditional হবে।]*

*Source: A Passage to the English Language by S. M. Zakir Hussain.*

**২৯) The man is too dishonest ______.**

ক) to tell a lie    খ) to take bribe

গ) to speak the truth    ঘ) to steal something

সঠিক উত্তরঃ গ) to speak the truth

Too ----- to দ্বারা Incomplete sentence কে complete করার নিয়ম:

• Incomplete sentence- এ adjective/adverb এর পূর্বে too থাকলে উক্ত incomplete sentence এর শেষে to + সঙ্গতিপূর্ণ verb + অর্থবহ শব্দ/শব্দসমষ্টি দ্বারা sentence টিকে সম্পূর্ণ করতে হয়।

• Strurcture: Sub + verb + too + adjective/adverb+ to + verb + ........

• তাই সঠিক উত্তরটি হচ্ছে: The man is too dishonest to speak the truth.

Source: Advanced Learner's English Grammar & Composition by Chowdhury & Hossain.

**৩০) It is many years since_____.**

ক) I meet you    খ) I met you

গ) I help you    ঘ) I have met you

**সঠিক উত্তরঃ খ) I met you**

• Though, although, since, because, if, as যুক্ত Incomplete sentence কে complete করতে হলে এদের সাথে একটি অর্থবহ পূর্ণাঙ্গ sentence যোগ করতে হয়।

• তাই complete sentence টি হবে: It is many years since I met you.

Source: Advanced Learner's English Grammar & Composition by Chowdhury & Hossain.

**৩১) The old man walks slowly lest _____.**

ক) he falls    খ) he may fall

গ) he should fall    ঘ) he fell down

**সঠিক উত্তরঃ গ) he should fall**

• Lest যুক্ত Incomplete sentence কে complete করার নিয়ম: প্রথম থেকে lest পর্যন্ত বসে + প্রথম subject বসে + should/might + সংগতিপূর্ণ একটি verb + -----

• Lest শব্দের অর্থ 'পাছে ভয় হয় এমন'।

• Lest negative অর্থ প্রদান করে।

তাই complete sentence টি হবে: The old man walks slowly lest he should fall.

Source: Advanced Learner's English Grammar & Composition by Chowdhury & Hossain.

**৩২) কতই না বিস্ময়কর মানুষের জীবন!**

ক) How strange man's life was!

খ) How strange man's life is!

গ) What an wonderful man's life is!

ঘ) How wonderful a man's life is!

**সঠিক উত্তরঃ খ) How strange man's life is!**

বিস্ময়কর - strange.

• কতই না বিস্ময়কর মানুষের জীবন!

English Translation: How strange man's life is!

**৩৩) তার কোনো বন্ধু নেই বললেই চলে।**

ক) He has a few friends.
খ) He has no friends.
গ) He has few friends.
ঘ) He has the few friends.

**সঠিক উত্তরঃ গ) He has few friends.**

Countable noun এর ক্ষেত্রে few/a few ব্যবহৃত হয়।

few- এত কম যে নেই বললেই চলে (না বোধক)

a few- স্বল্পসংখ্যক

সুতরাং, প্রদত্ত বাক্যটির সঠিক অনুবাদ হবে - He has few friends.

*Source: Oxford and Bangla Academy Dictionary*

**৩৪) ভাই ভাই ঠাঁই ঠাঁই।**

ক) Brothers part.
খ) Brothers will part.
গ) Brothers will be part.
ঘ) Brothers have parted.

**সঠিক উত্তরঃ ঘ) Brothers have parted.**

• ভাই ভাই ঠাঁই ঠাঁই- প্রবাদটির অর্থ ভাইয়েরা পৃথক হয়ে গিয়েছে।

• তাই সঠিক Translation হবে- Brothers have parted.

**৩৫) শিশুটি কাঁদতে কাঁদতে আমার কাছে এল।**

ক) The child comes to me run.
খ) The child came to me running.
গ) The child came to me crying.
ঘ) The child came to me to cry.

**সঠিক উত্তরঃ গ) The child came to me crying.**

• শিশুটি কাঁদতে কাঁদতে আমার কাছে এল।

English Translation: The child came to me crying.

- নাচতে নাচতে, হাসতে হাসতে, কাঁদতে কাঁদতে ইত্যাদি প্রকাশ করা অর্থে present participle (verb+ing) ব্যবহৃত হয়।

Source: A Passage to the English Language by S. M. Zakir Hussain.

**৩৬) তুমি কি কখনও কক্সবাজার গিয়েছ?**

ক) Have you ever been to Cox's Bazar?
খ) Did you ever go to Cox's Bazar?
গ) Have you ever go to Cox's Bazar?
ঘ) Have you gone to Cox's Bazar?

**সঠিক উত্তরঃ ক) Have you ever been to Cox's Bazar?**

• কোথাও গিয়ে ফিরে আসা অর্থে 'been' (past participle of 'be') ব্যবহৃত হয়।

• তাই সঠিক Translation হবে: Have you ever been to Cox's Bazar?

Source: Cambridge Dictionary.

**৩৭) I wish I _______ child again.**

ক) be
খ) am
গ) was
ঘ) were

**সঠিক উত্তরঃ ঘ) were**

- অসম্ভব ইচ্ছা, আকাঙ্ক্ষা ইত্যাদি প্রকাশ করতে would that/ I wish ইত্যাদি ব্যবহৃত হয়।

- এক্ষেত্রে verb এর subjunctive past tense হয়।

এক্ষেত্রে complete sentence হবে: I wish I were child again.

Source: Advanced Learner's English Grammar & Composition by Chowdhury & Hossain.

**৩৮) Two and two ____ four.**

ক) make
খ) makes
গ) made
ঘ) make/makes

**সঠিক উত্তরঃ খ) makes**

• Two and two makes four.

- And দ্বারা যুক্ত Subject গুলি যদি একই ব্যক্তি বা বস্তুকে বুঝায় তবে তাদের পরবর্তী verb এবং pronoun singular হয়।

- তাই এক্ষেত্রে 'makes' appropriately বসবে।

Source: Advanced Learner's English Grammar & Composition by Chowdhury & Hossain.

**৩৯) It is high time we ______ our food habits.**

ক) give up
খ) gave up
গ) changed
ঘ) changing

**সঠিক উত্তরঃ গ) changed**

• কোন বাক্যে It is high time, it is time, wish, fancy ইত্যাদি থাকলে verb এর past form হয়।

• তাই এক্ষেত্রে verb টি 'changed' হবে।

Source: Advanced Learner's English Grammar & Composition by Chowdhury & Hossain.

**৪০) The headmaster along with his colleagues ____ coming here today.**

ক) is
খ) are
গ) will
ঘ) was

**সঠিক উত্তরঃ ক) is**

• With, together with, as well as, along with, in addition to, accompanied by দ্বারা কোন Noun বা Pronoun যুক্ত হলে verb টি প্রথম Subject অনুযায়ী হয়।

• The headmaster এবং his colleagues, along with দ্বারা যুক্ত হওয়ায় The headmaster অনুযায়ী verb টি singular হবে অর্থাৎ is হবে।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Source: Advanced Learner's English Grammar & Composition by Chowdhury & Hossain.

**৪১) It ______ since morning.**

ক) has rained খ) has been raining
গ) is raining ঘ) has rained/has been raining

**সঠিক উত্তরঃ ঘ) has rained/has been raining**

- কোন কাজ অতীতে শুরু হয়ে এখনো বিদ্যমান বুঝাতে present perfect continuous tense হয়।
- Structure: Subject + have/has + been + V(ing) + since + point in time.
- তাই এক্ষেত্রে 'has rained/has been raining' appropriately হবে।

Source: A Passage to the English Language by S. M. Zakir Hussain.

**৪২) Birds fly _______ in the sky.**

ক) at a stretch খ) at large
গ) all along ঘ) at random

**সঠিক উত্তরঃ খ) at large**

Birds fly at large in the sky.

At large:
- English Meaning: at liberty / free
- Bangla Meaning: স্বাধীন।

• Ex. Sentence: Corrupted govt. officials are still at large.

Bangla Meaning: দুর্নীতিবাজ সরকারি কর্মকর্তারা এখনো মুক্ত অবস্থায় আছে।

Source: Live MCQ lecture.

**৪৩) "Tooth and nail" means_______**

ক) get by heart খ) go with heart
গ) tried hard ঘ) get hard

**সঠিক উত্তরঃ গ) tried hard**

Tooth and nail:

• English Meaning: to try very hard to get something you want.

• Bengali Meaning: যথাসাধ্য প্রবলভাবে।

Source: Merriam-Webster Dictionary, Accessible Dictionary by Bangla Academy.

**৪৪) 'Big bug' means ____.**

ক) useful person খ) important person
গ) unemployed person ঘ) employed person

**সঠিক উত্তরঃ খ) important person**

Big bug (noun):
- a person of consequence.

Bengali Meaning: গুরুত্বপূর্ণ ব্যক্তি।

• তাই সঠিক উত্তরটি হচ্ছে: important person.

Source: Merriam-Webster Dictionary, Accessible Dictionary by Bangla Academy.

**৪৫) The price of rice is increasing ____.**

ক) by fits and starts খ) by dint of
গ) by virtue of ঘ) by leaps and bounds

**সঠিক উত্তরঃ ঘ) by leaps and bounds**

By (or in) leaps and bounds:

English Meaning: with startlingly rapid progress.

Bangla Meaning: দ্রুতগতিতে।

Ex. Sentence: Population is increasing by leaps and bounds.

Bangla Meaning: জনসংখ্যা দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে।

Source: Live MCQ lecture.

**৪৬) Della was too poor to buy a gift for Jim. (Negative)**

ক) Della was not too poor to buy a gift for Jim.
খ) Della was so poor that he could not buy a gift for Jim.
গ) Della was so poor that she could not buy a gift for Jim.
ঘ) Della was so poor that she cannot buy a gift for Jim.

**সঠিক উত্তরঃ গ) Della was so poor that she could not buy a gift for Jim.**

too.... to যুক্ত Affirmative sentence কে Negative sentence এ রূপান্তর করার নিয়ম:
- too এর স্থলে so এবং to এর স্থলে that হবে, that এর পরের clause টি tense অনুযায়ী cannot/could not দিয়ে গঠন করতে হবে।
- তাই এক্ষেত্রে সঠিক উত্তরটি হচ্ছে: Della was so poor that she could not buy a gift for Jim.

Source: Advanced Learner's English Grammar & Composition by Chowdhury & Hossain.

**৪৭) Nobody wishes to be unhappy. (Interrogative)**

ক) Who wishes to be unhappy?
খ) Who wishes to be happy?
গ) Who does not wish to be unhappy?
ঘ) Does nobody wish to be happy?

**সঠিক উত্তরঃ ক) Who wishes to be unhappy?**

- কোন sentence এ nobody থাকলে, Interrogative sentence এ রূপান্তরের সময় Nobody এর স্থলে Who বসে, বাকী সব অপরিবর্তিত থাকে এবং শেষে (?) বসে।
- তাই এক্ষেত্রে সঠিক উত্তরটি হচ্ছে: Who wishes to be unhappy?

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Source: A Passage to the English Language by S. M. Zakir Hussain.

**৪৮) Unemployment is a state for a man having no work to earn money. (Complex)**

ক) Unemployment is a stale when a man has no work to earn money

খ) Unemployment is a state for a man who has no work to earn money

গ) Unemployment is a state of a man who has no work.

ঘ) Unemployment is the condition of a man who has no work

**সঠিক উত্তরঃ খ) Unemployment is a state for a man who has no work to earn money**

Unemployment is a state for a man having no work to earn money- এটি একটি Simple sentence.

- এই sentence এ having এর পরের clause টি পূর্বের clause এর subject সম্পর্কে অতিরিক্ত তথ্য দেয়।

- এ ধরণের simple sentence কে complex sentence করার সময় তা পূর্ববর্তী noun /pronoun অনুযায়ী relative pronoun + verb হয়ে যায়।

- তাই এক্ষেত্রে সঠিক উত্তরটি হচ্ছে: Unemployment is a state for a man who has no work to earn money.

**৪৯) Noun of the word 'simple' is ______.**

ক) simply  খ) simplify

গ) simplicity  ঘ) simplication

**সঠিক উত্তরঃ গ) simplicity**

Simple এর noun form হচ্ছে Simplicity.

Simplicity [সিম্‌প্লিসাটি] (noun) [uncountable noun]:

• English Meaning: the state of being simple, uncomplicated, or uncompounded.

• Bengali Meaning: সহজতা; সারল্য।

Example sentence: He spoke with admirable simplicity.

Source: Merriam-Webster Dictionary, Accessible Dictionary by Bangla Academy.

**৫০) Find out the correct synonym of 'hazard'.**

ক) Impartial  খ) Static

গ) Impolite  ঘ) Danger

**সঠিক উত্তরঃ ঘ) Danger**

Hazard (noun):

• English Meaning: a source of danger.

• Bengali Meaning: ঝুঁকি; বিপদ।

Synonyms: Threat, Danger, Risk, Menace, Peril, Trouble, Pitfall, Imminence.

Antonyms: Protection, Ward, Shield, Guard.

Example Sentence: It was only by hazard and good fortune that we found our way back to the trail.

Source: Merriam-Webster Dictionary, Accessible Dictionary by Bangla Academy.

**৫১) তিনটি পূর্ণ সংখ্যার গড় ১৫০ এবং ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গড় ১২০ বৃহত্তম সংখ্যাটি কত?**

ক) ২৩০  খ) ২১০

গ) ২০০  ঘ) ১৯০

**সঠিক উত্তরঃ খ) ২১০**

তিনটি পূর্ণ সংখ্যার গড় ১৫০

তিনটি সংখ্যার সমষ্টি (১৫০ × ৩) = ৪৫০

ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গড় ১২০

ক্ষুদ্রতম সংখ্যা দুইটির সমষ্টি (১২০ × ২) = ২৪০

বৃহত্তম সংখ্যাটি (৪৫০ - ২৪০) = ২১০

**৫২) $x^4 + x^2 + 1$ এর উৎপাদক কোনটি?**

ক) $(x^2 + x + 1)(x^2 + x - 1)$  খ) $(x^2 - x + 1)(x^2 + x - 1)$

গ) $(x^2 + x + 1)(x^2 - x + 1)$  ঘ) $(x^2 + x + 1)(x^2 + x + 1)$

**সঠিক উত্তরঃ গ) $(x^2 + x + 1)(x^2 - x + 1)$**

$x^4 + x^2 + 1$

$=(x^2)^2 + 2x^2 + 1 - x^2$

$=(x^2 + 1)^2 - x^2$

$=(x^2 + x + 1)(x^2 - x + 1)$

**৫৩) P এর মান কত হলে $4x^2 - px + 9$ একটি পূর্ণবর্গ হবে?**

ক) 24  খ) 16

গ) 12  ঘ) 9

**সঠিক উত্তরঃ গ) 12**

$4x^2 - px + 9$

$= (2x)^2 - px + 3^2$

$= (2x)^2 - 2 \times 2x \times 3 + 3^2$ [ ধরি, $p = 2 \times 2 \times 3 = 12$]

$= (2x - 3)^2$, যা একটি পূর্ণবর্গ রাশি।

∴ p এর মান 12 হলে $4x^2 - px + 9$ একটি পূর্ণবর্গ হবে।


**৫৪) একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য x একক হলে এর কর্ণের দৈর্ঘ্য কত একক?**

ক) $x\sqrt{2}$  খ) $x\sqrt{3}$

গ) $2\sqrt{2x}$  ঘ) $x\sqrt{x}$

**সঠিক উত্তরঃ ক) $x\sqrt{2}$**

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | livemcq.com | 01701377322




ABCD বর্গের বাহু AB = x একক, বাহু AD = x একক

BD বর্গের কর্ণ।

ABC সমকোণী ত্রিভুজে,

BD = $\sqrt{(AB^2 + AD^2)}$

= $\sqrt{(x^2 + x^2)}$

= $\sqrt{(2x^2)}$

= $x\sqrt{2}$

**৫৫) দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৬, তাদের গ.সা.গু ৪ হলে সংখ্যা দুইটির ল.সা.গু কত?**

ক) ৩৬০ খ) ২৪০

গ) ১৮০ ঘ) ১২০

**সঠিক উত্তরঃ ঘ) ১২০**

ধরি,

একটি সংখ্যা ৫ক

অপর সংখ্যা ৬ক

∴ সংখ্যা দুটির গ.সা.গু = ক

এবং, সংখ্যা দুটির ল.সা.গু = ৩০ক

শর্তমতে,

ক = ৪

∴ ল.সা.গু = ৩০ × ৪ = ১২০

**৫৬) ৩৭৫ এর ২০% = কত?**

ক) ৭৫.০ খ) ৬২.০

গ) ৬০.০ ঘ) ৩৭.০

**সঠিক উত্তরঃ ক) ৭৫.০**

৩৭৫ এর ২০% = ৩৭৫ × (২০/১০০)

= ৩৭৫/৫

= ৭৫

**৫৭) $f(x) = x^3 - 6x^2 + 11x - 6$ হলে f(2) = কত?**

ক) 3 খ) 2

গ) 1 ঘ) 0

**সঠিক উত্তরঃ ঘ) 0**

$f(x) = x^3 - 6x^2 + 11x - 6$

$f(2) = 2^3 - 6 \times 2^2 + 11 \times 2 - 6$

= 8 - 24 + 22 - 6

= 30 - 30

= 0

**৫৮) $4^x = 8$ হলে, x-এর মান কত?**

ক) 2/3 খ) 3/2

গ) 4/3 ঘ) 3/4

**সঠিক উত্তরঃ খ) 3/2**

$4^x = 8$

বা, $4^x = (4^3)^{(1/2)}$

বা, $4^x = 4^{3/2}$


বা, x = 3/2 [∴ $a^x = a^y$ হলে, x = y হয়]

**৫৯) কোন ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?**

ক) ১৮০° খ) ২৭০°

গ) ৩০০° ঘ) ৩৬০°

**সঠিক উত্তরঃ ঘ) ৩৬০°**




ত্রিভুজের যেকোন বাহুকে বর্ধিত করলে বহিঃস্থ যে কোণ উৎপন্ন হয় তা বিপরীত অন্তঃস্থ দুই কোণের সমষ্টির সমান।

∠CBD = ∠A + ∠C

∠BAF = ∠B + ∠C

∠ACE = ∠A + ∠B

বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি = ∠CBD + ∠BAF + ∠ACE

= ∠A + ∠C + ∠B + ∠C + ∠A + ∠B

= 2(∠A + ∠B + ∠C)

= 2 × 180° [ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০°]

= 360°

**৬০) একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মিটার অপর দুইটি বাহুর প্রতিটি ১০ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গমিটার?**

ক) ৩৬ বর্গমিটার খ) ৪২ বর্গমিটার

গ) ৪৮ বর্গমিটার ঘ) ৫০ বর্গমিটার

**সঠিক উত্তরঃ গ) ৪৮ বর্গমিটার**

সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহু a এবং ভূমি b হলে,

ক্ষেত্রফল = $(b/4)\sqrt{(4a^2 - b^2)}$

দেওয়া আছে,

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য ১০ মিটার
ভূমির দৈর্ঘ্য ১৬ মিটার
এখানে, a = ১০, b= ১৬
সুতরাং, ক্ষেত্রফল =
(১৬/৮)√(৪ × ১০² - ১৬²) বর্গমিটার
= ৪√(৪ × ১০০ - ২৫৬) বর্গমিটার
= ৪√(৪০০ - ২৫৬) বর্গমিটার
= ৪√১৪৪ বর্গমিটার
= ৪ × ১২ বর্গমিটার
= ৪৮ বর্গমিটার

**৬১) $a^2 - 3a$, $a^2 - 9$, $a^2 - 4a + 3$ এর গ.সা.গু কত?**

ক) a (a - 3) খ) a - 3
গ) (a - 1) (a - 3) ঘ) a (a - 1) (a - 3)

**সঠিক উত্তরঃ খ) a - 3**

১ম রাশি = $a^2 - 3a$
= a(a - 3)
২য় রাশি = $a^2 - 9$
= $a^2 - 3^2$
= (a + 3)(a - 3)
৩য় রাশি = $a^2 - 4a + 3$
= $a^2 - 3a - a + 3$
= a(a - 3) -1(a - 3)
= (a - 3)(a - 1)
∴ গ.সা.গু = (a - 3)

**৬২) চর্তুভুজের চার কোণের অনুপাত ১ : ২ : ২ : ৩ হলে বৃহত্তম কোণের পরিমাণ হবে?**

ক) ১০০° খ) ১১৫°
গ) ১৩৫° ঘ) ১৪০°

**সঠিক উত্তরঃ গ) ১৩৫°**

চর্তুভুজের চার কোণের অনুপাত ১ : ২ : ২ : ৩
ধরি,
চতুর্ভুজের চারটি কোণ x°, ২x°, ২x°, ৩x°
আমরা জানি, চতুর্ভুজের চার কোণের সমষ্টি ৩৬০°
শর্তমতে,
x° + ২x° + ২x° + ৩x° = ৩৬০°
বা, ৮x° = ৩৬০°
বা, x° = ৪৫°
∴ বৃহত্তম কোণের পরিমাণ = ৩ × ৪৫° = ১৩৫°

**৬৩) সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১২০° হলে এর বাহুর সংখ্যা কত?**

ক) ৪টি খ) ৫টি
গ) ৬টি ঘ) ৮টি

**সঠিক উত্তরঃ গ) ৬টি**

সুষম বহুভুজের প্রতিটি বহিঃস্থ কোণের পরিমাণ = 180 - 120 = 60 ডিগ্রী।
সুতরাং বাহুর সংখ্যা = 360/60 = 6টি।

**৬৪) ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭:৩। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত ৩ : ৭ হবে?**

ক) ২৫ লিটার খ) ৩০ লিটার
গ) ৩৫ লিটার ঘ) ৪০ লিটার

**সঠিক উত্তরঃ ঘ) ৪০ লিটার**

এসিড : পানি = ৭ : ৩
অনুপাত রাশির যোগফল = ৭ + ৩ = ১০
মিশ্রণে এসিডের পরিমাণ = [৩০ × (৭/১০)] = ২১ লিটার
মিশ্রণে পানির পরিমাণ = [৩০ × (৩/১০)] = ৯ লিটার
অতিরিক্ত পানি মেশানোর পর,
এসিড : পানি = ৩ : ৭
ধরি,
মেশানোর পর মিশ্রণের পরিমাণ হয় x লিটার
শর্তমতে,
এসিডের পরিমাণ = [x এর (৩/১০)] = ২১ লিটার
বা, x = (২১ × ১০)/৩ লিটার
∴ x = ৭০ লিটার
নতুন মিশ্রণে পানির পরিমাণ = ৭০ - ২১ লিটার
= ৪৯ লিটার
অতিরিক্ত পানি মেশাতে হবে (৪৯ - ৯) লিটার
= ৪০ লিটার

**৬৫) a + b=√7 এবং a - b=√5 হলে, $8ab(a^2 + b^2)$ = কত?**

ক) 12 খ) 24
গ) 36 ঘ) 40

**সঠিক উত্তরঃ খ) 24**

দেওয়া আছে,
a+b=√7
a-b=√5
প্রদত্ত রাশি,
$8ab(a^2 + b^2)$
= $4ab \times 2(a^2 + b^2)$
= $\{(a + b)^2 - (a - b)^2\}\{(a + b)^2 + (a - b)^2\}$
= $\{(\sqrt{7})^2 - (\sqrt{5})^2\}\{(\sqrt{7})^2 + (\sqrt{5})^2\}$
= (7 - 5)(7 + 5)
= 2 × 12
= 24

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৬৬) $\log_{\sqrt{3}} 81$ এর মান কত?**

ক) 4 খ) 6

গ) 9 ঘ) 8

**সঠিক উত্তরঃ ঘ) 8**

$\log_{\sqrt{3}} 81$

$= \log_{\sqrt{3}} (\sqrt{3})^8$

$= 8 \log_{\sqrt{3}}(\sqrt{3})$

$= 8 \times 1$

$= 8$

**৬৭) সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষ কোণের মান 80° হলে, অপর কোণদ্বয়ের মান কত?**

ক) 50° ও 50° খ) 60° ও 40°

গ) 45°ও 45° ঘ) 40° ও 40°

**সঠিক উত্তরঃ ক) 50° ও 50°**

সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষ কোণের মান 80° হলে, অপর কোণদ্বয়ের সমষ্টি 100°

∴ অপর কোণদ্বয়ের একটি = 100°/2 = 50°

∴ অন্য কোণটিও 50° হবে।

**৬৮) দুইটি কোণের সমষ্টি দুই সমকোণ হলে, একটিকে অপরটির কি বলে?**

ক) সন্নিহিত কোণ খ) পূরক কোণ

গ) বিপ্রতীপ কোণ ঘ) সম্পূরক কোণ

**সঠিক উত্তরঃ ঘ) সম্পূরক কোণ**

দুইটি কোণের সমষ্টি দুই সমকোণ হলে, একটিকে অপরটির সম্পূরক কোণ বলে।

**৬৯) যদি $x + 2y = 4$ এবং $x/y = 2$ হয়, তবে $x$ = কত?**

ক) 0 খ) 1

গ) 2 ঘ) 3

**সঠিক উত্তরঃ গ) 2**

দেওয়া আছে,

$x/y = 2$

বা, $x = 2y$

∴ $y = x/2$

এখন,

$x + 2(x/2) = 4$

বা, $x + x = 4$

বা, $2x = 4$

∴ $x = 2$

**৭০) $(x - 4)^2 = 0$ সমীকরণের মূল কয়টি?**

ক) 1 খ) 2

গ) 3 ঘ) 0

**সঠিক উত্তরঃ ক) 1**

$(x - 4)^2 = 0$

বা, $(x - 4)(x - 4) = 0$

∴ $x = 4, x = 4$

সমীকরণের মূল হবে একটি এবং এর মান 4.

**৭১) একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো, শতকরা ক্ষতির হার কত?**

ক) 8% খ) ৫%

গ) ৭% ঘ) ৮%

**সঠিক উত্তরঃ খ) ৫%**

একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলে,

ক্রয়মূল্য = ৩৮০ + ২০ টাকা = ৪০০ টাকা

৪০০ টাকায় ক্ষতি হয় = ২০ টাকা

১০০ টাকায় ক্ষতি হয় = (২০ × ১০০)/৪০০ টাকা

= ৫ টাকা

∴ শতকরা ক্ষতির হার ৫%

**৭২) দুইটি সংখ্যার যোগফল ১৫ এবং বিয়োগফল ১৩, ছোট সংখ্যাটি কত?**

ক) ১ খ) ২

গ) 8 ঘ) ১৪

**সঠিক উত্তরঃ ক) ১**

ধরি,

বড় সংখ্যা $x$

ছোট সংখ্যা $y$

শর্তমতে,

$x + y = 15$

$x - y = 13$

∴ $2x = 28$

বা, $x = 14$

∴ ছোট সংখ্যা $y = 1$

**৭৩) $\sqrt[6]{64} \times \sqrt[3]{27}$ = কত?**

ক) 2 খ) 4

গ) 6 ঘ) 8

**সঠিক উত্তরঃ গ) 6**

$\sqrt[6]{64} \times \sqrt[3]{27}$

$= (4^3)^{(1/6)} \times (3^3)^{(1/3)}$

$= 4^{1/2} \times 3$

$= 2 \times 3$

$= 6$

**৭৪) ২টি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 199 হলে, বড় সংখ্যাটি কত?**

ক) 70 খ) 80

গ) 90 ঘ) 100

**সঠিক উত্তরঃ ঘ) 100**

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

ধরি,

বড় সংখ্যা x

∴ ছোট সংখ্যা x - 1

শর্তমতে,

$x^2 - (x - 1)^2 = 199$

বা, $x^2 - x^2 + 2x - 1 = 199$

বা, $2x = 200$

∴ $x = 100$

**৭৫) $3x^2 - x + 5 = 0$ সমীকরণে x এর সহগ কত?**

ক) 3 খ) 1

গ) -1 ঘ) 5

**সঠিক উত্তরঃ গ) -1**

চলকের সাথে যে রাশি গুণ আকারে থাকে তাকে সহগ বলে।

এখানে, x এর সাথে (-1) গুণ আকারে আছে।

তাই সহগ -1

**৭৬) বাংলাদেশের অস্থায়ী সরকার গঠিত হয়েছিল কবে?**

ক) ১৯৭০ সালের ১০ এপ্রিল খ) ১৯৭০ সালের ১৭ এপ্রিল

গ) ১৯৭১ সালের ১০ এপ্রিল ঘ) ১৯৭১ সালের ১৭ এপ্রিল

**সঠিক উত্তরঃ গ) ১৯৭১ সালের ১০ এপ্রিল**

• ১৯৭১ সালের ১০ এপ্রিল বাংলাদেশের অস্থায়ী সরকার গঠিত হয়েছিল।

• মুজিবনগর সরকার মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য গঠিত বাংলাদেশের প্রথম সরকার।

- ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণার পর ১০ এপ্রিল এ সরকার গঠিত হয়।

- ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলা গ্রামে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে।

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে বৈদ্যনাথতলা গ্রামের নামকরণ হয় মুজিবনগর।

- মুজিবনগর সরকারের কর্মকান্ড বাংলাদেশ ভূখন্ডের বাইরে থেকে পরিচালিত হয়েছিল বলে এ সরকার প্রবাসী মুজিবনগর সরকার হিসেবেও খ্যাত।

- সরকার গঠন ১৯৭১ সালের ১০ এপ্রিল আওয়ামী লীগের হাইকমান্ড তথা প্রধান নেতৃবৃন্দকে নিয়ে একটি সরকার গঠিত হয়।

- ১৭ এপ্রিল মেহেরপুরের মুক্তাঞ্চল বৈদ্যনাথতলায় সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়।

- শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন আবদুল মান্নান এম.এন.এ এবং স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক ইউসুফ আলী এম.এন.এ।

- নবগঠিত সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামকে খানে গার্ড অব অনার প্রদান করা হয়।

সূত্র: বাংলাপিডিয়া।

**৭৭) 'গারো' ক্ষুদ্র জাতিসত্তার সমাজে পরিবারের প্রধান কে?**

ক) বাবা খ) মা

গ) প্রবীণ ব্যক্তি ঘ) বড় ভাই

**সঠিক উত্তরঃ খ) মা**

• 'গারো' ক্ষুদ্র জাতিসত্তার সমাজে পরিবারের প্রধান মা।

• গারো পরিবার মাতৃতান্ত্রিক।

- পরিবারের সকল কর্তৃত্ব ও ক্ষমতা মাতা বা স্ত্রীর হাতে ন্যস্ত থাকে।

- সে কারণে গারো পরিবারে ও সম্প্রদায়ে পুরুষের প্রাধাণ্য কম।

- এ সমাজে উত্তরাধিকার মাতৃধারায় মা থেকে মেয়েতে বর্তায়। এখানে মাতৃবাস রীতি অনুসরণ করা হয়।

- বিয়ের পর গারো দম্পতি স্ত্রীর মায়ের বাড়িতে বসবাস করে। ইদানীং শিক্ষিত গারো-দম্পতিদের মধ্যে এর বিপরীত অবস্থা পরিলক্ষিত হয়।

- গারো সম্প্রদায়ে একক বিবাহভিত্তিক পরিবার বিদ্যামান। খ্রিষ্টান গারোদের বিয়ে চার্চে অনুষ্ঠিত হয়। আর অন্য গারোদের বিয়ে অনুষ্ঠিত হয় ঐতিহ্যবাহী নিয়মে।

- বাংলাদেশে বসবাসরত গারো সম্প্রদায়ের প্রায় শতকরা ৯০ ভাগ ধর্মান্তরিত খ্রিস্টান।

- এদের ঐতিহ্যগত ধর্মের নাম সাংসারেক।

সূত্র: বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ৯ম-১০ম শ্রেণি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৭৮) মালালা ইউসুফজাই ও কৈলাশ সত্যার্থী নোবেল পুরস্কার পেয়েছেন কোন ক্ষেত্রে?**

ক) সাহিত্যে খ) শান্তিতে

গ) চিকিৎসায় ঘ) অর্থনীতিতে

**সঠিক উত্তরঃ খ) শান্তিতে**

• মালালা ইউসুফজাই ও কৈলাশ সত্যার্থী নোবেল পুরস্কার পেয়েছেন শান্তিতে।

• ২০১৪ সালের জন্য নোবেল শান্তি পুরষ্কারে ভূষিত হলেন কৈলাস সত্যার্থী।

- একই সঙ্গে পাকিস্তানি নারীশিক্ষাকর্মী মালালা ইউসুফজাই - ও নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন।

- কৈলাস সত্যার্থী ভারতের পঞ্চম নোবেল প্রাইজ বিজয়ী।

- মাদার টেরিজার পর দ্বিতীয় ভারতীয় হিসাবে তিনি নোবেল শান্তি পুরষ্কার পেলেন।

সূত্র: ডয়চে ভেলে।

**৭৯) বাংলাদেশের প্রথম মহিলা উপাচার্যের নাম কী?**

ক) ড. ফারজানা ইসলাম খ) খালেদা একরাম

গ) রাশেদা কে চৌধুরী ঘ) ড. শিরিন শারমিন চৌধুরী

**সঠিক উত্তরঃ ক) ড. ফারজানা ইসলাম**

• বাংলাদেশের প্রথম মহিলা উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম।

• অধ্যাপক ড. ফারজানা ইসলাম একজন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক।

- তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য হিসেবে ২ মার্চ, ২০১৪ তারিখে নিয়োগ পেয়েছেন।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

- তিনিই বাংলাদেশের প্রথম পাবলিক বিশ্ববিদ্যালয়ের নারী উপাচার্য।
- তিনি উক্ত বিশ্ববিদ্যালয়ের ১৮তম উপাচার্য।

সূত্র: প্রথম আলো।

**৮০) বর্তমানে বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত?**

ক) ১.৩২% খ) ১.৩৩%
গ) ১.৩৭% ঘ) ১.৪৩%

**সঠিক উত্তরঃ গ) ১.৩৭%**

• ২০১১ সালের আদমশুমারি অনুসারে বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার ১.৩৭%।

• ২০২২ সালের আদমশুমারি:

- জনশুমারির পূর্ব নাম ছিল → আদমশুমারি।
- ২০১৩ সালে জাতীয় সংসদে পাস হওয়া 'পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী আদমশুমারি ও গৃহগণনা' র নাম পরিবর্তন করে 'জনশুমারি ও গৃহগণনা' করা হয়।
- বাংলাদেশে 'জনশুমারি ও গৃহগণনা' করা হয় অনুষ্ঠিত হয় → ১০ বছর পর।
- বাংলাদেশ এ পর্যন্ত জনশুমারি বা আদমশুমারি হয় ৬টি।
- জনসংখ্যা বৃদ্ধির হার → ১.২২% .
- জনসংখ্যার ঘনত্ব → ১,১১৯ জন (প্রতি বর্গকিলোমিটারে)।
- স্বাক্ষরতার হার → ৭৪.৬৬% (পুরুষ ৭৬.৫৬, নারী ৭২.৮২%)।
- পাঁচ বছরের উর্ধ্বে মুঠোফোন ব্যবহারকারীর সংখ্যা → ৫৫.৮৯%।
- ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা → ৩০.৬৮%।

সূত্র: জনশুমারি ও গৃহগণনা ২০২২ -এর প্রাথমিক প্রতিবেদন।

**৮১) যোগাযোগ মন্ত্রণালয়ের বর্তমান নাম কী?**

ক) সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় খ) পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গ) সড়ক পরিবহন মন্ত্রণালয় ঘ) পরিবহন ও সড়ক মন্ত্রণালয়

সঠিক উত্তরঃ ক) সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

• যোগাযোগ মন্ত্রণালয়ের বর্তমান নাম পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

• যোগাযোগ মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় করা হয়েছে।

- একই সঙ্গে এই মন্ত্রণালয়ের অধীন সড়ক বিভাগের নাম পরিবর্তন করে করা হয়েছে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- মন্ত্রণালয়ের নাম ইংরেজিতে 'মিনিস্ট্রি অব কমিউনিকেশন' থাকায় আন্তর্জাতিক পরিমণ্ডলে কিছু সমস্যা হতো।
- আন্তর্জাতিক পর্যায়ে জটিলতা এড়াতে যোগাযোগ মন্ত্রণালয় ও সড়ক বিভাগের নাম পরিবর্তন করল সরকার।

সূত্র: প্রথম আলো।

**৮২) আয়তনে বাংলাদেশের সবচেয়ে ছোট বিভাগ কোনটি?**

ক) বরিশাল খ) সিলেট
গ) ময়মনসিংহ ঘ) রংপুর

**সঠিক উত্তরঃ গ) ময়মনসিংহ**

• আয়তনের বিচারে বাংলাদেশের সবচেয়ে ছোট বিভাগ ময়মনসিংহ।

- বাংলাদেশে মোট ৮টি বিভাগ রয়েছে।
- এর মধ্যে আয়তনে সবচেয়ে ছোট বিভাগ - ময়মনসিংহ।
- এর আয়তন ১০,৫৫২ বর্গ কিমি ।
- আয়তনে সবচেয়ে বড় বিভাগ চট্টগ্রাম ৩৩,৯০৪ বর্গ কিমি ।
- জনসংখ্যায় সবচেয়ে বড় বিভাগ ঢাকা এবং সবচেয়ে ছোট বরিশাল বিভাগ।
- সবচেয়ে বেশি জেলা রয়েছে ঢাকা বিভাগে ১৩টি।
- সবচেয়ে কম ৪টি করে জেলা রয়েছে সিলেট ও ময়মনসিংহ বিভাগে।

সূত্র: জাতীয় তথ্য বাতায়ন।

**৮৩) জাতিসংঘের প্রশাসনিক কাজ করে কোন শাখা?**

ক) সাধারণ পরিষদ খ) নিরাপত্তা পরিষদ
গ) জাতিসংঘ সচিবালয় ঘ) আর্ন্তজাতিক আদালত

সঠিক উত্তরঃ গ) জাতিসংঘ সচিবালয়

• জাতিসংঘের প্রশাসনিক কাজ করে জাতিসংঘ সচিবালয়।

• জাতিসংঘ সচিবালয়/Secretariat:

- সচিবালয় বা সেক্রেটারিয়েট জাতিসংঘের প্রধান প্রশাসনিক বিভাগ।
- জাতিসংঘের দৈনন্দিন কার্যক্রম এই অঙ্গসংস্থা থেকে পরিচালিত হয়।
- মহাসচিব জাতিসংঘের প্রধান প্রশাসনিক কর্মকর্তা।
- জাতিসংঘের প্রশাসনিক কাজ করে জাতিসংঘ সচিবালয়।
- জাতিসঘের সদর দপ্তর ও সচিবালয় অবস্থিত নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
- নিউ ইয়র্কে সদরদপ্তরের বাইরে জাতিসংঘের - আঞ্চলিক অফিস রয়েছে জেনেভা, নাইরোবি ও ভিয়েনাতে।

সূত্র: জাতিসংঘ ওয়েবসাইট।

**৮৪) কোনটি গ্রীন হাউজ গ্যাস নয়?**

ক) নাইট্রাস অক্সাইড খ) কার্বন ডাই-অক্সাইড
গ) ক্লোরোফ্লোরা কার্বন ঘ) নাইট্রোজেন

**সঠিক উত্তরঃ ঘ) নাইট্রোজেন**

• নাইট্রোজেন গ্রীন হাউজ গ্যাস নয়।

• গ্রীন হাউজ ইফেক্টের জন্য দায়ী গ্যাসগুলোকে বলা হয় গ্রীন হাউজ গ্যাস।

- কয়েকটি উল্লেখযোগ্য গ্রীন হাউজ গ্যাস হচ্ছে :
- বাষ্প, কার্বন ডাই অক্সাইড, নাইট্রাস অক্সাইড, মিথেন, ওজোন, ক্লোরোফ্লোরো কার্বন ইত্যাদি।

• কার্বন ডাই সালফাইড এবং কার্বনিল সাইফাইড হলো পরোক্ষ গ্রীন হাউজ গ্যাস।

• নাইট্রোজেন গ্রীন হাউজ গ্যাস নয়।

উৎস: ভূগোল, নবম-দশম শ্রেণি - বোর্ড বই, ব্রিটানিকা এবং Royal Society of Chemistry।

**৮৫) নিশীথ সূর্যের দেশ কোনটি?**

ক) জাপান খ) কোরিয়া
গ) নরওয়ে ঘ) সুদান

**সঠিক উত্তরঃ গ) নরওয়ে**

• নিশীথ সূর্যের দেশ নরওয়ে।

• নিশীথ সূর্যের দেশ নামে পরিচিত নরওয়ে।

- উত্তর গোলার্ধে অবস্থিত হওয়ায় মে থেকে জুলাই মাস পর্যন্ত এখানে সূর্য পুরোপুরি অস্তমিত হয় না।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

- আবার নভেম্বর থেকে জানুয়ারি মাস পর্যন্ত সূর্য ওঠেই না।

source: britannica.

**৮৬) গ্রামীণ ব্যাংক কোন ধরণের তালিকার অন্তর্ভুক্ত?**

ক) তালিকাভুক্ত ব্যাংক খ) বাণিজ্যিক ব্যাংক

গ) অ-তফসিলি ব্যাংক ঘ) কোনটি নয়

সঠিক উত্তরঃ গ) অ-তফসিলি ব্যাংক

• গ্রামীণ ব্যাংক হচ্ছে অ-তফসিলি ব্যাংক।

• অ-তফসিলি ব্যাংক হলো সেসব ব্যাংক যেগুলো কেন্দ্রীয় ব্যাংক অর্থাৎ বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত নয়।

• বাংলাদেশের অ-তফসিলি ব্যাংক হলো ৫টি।

যথা :

১. আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক,

২. কর্মসংস্থান ব্যাংক,

৩. জুবিলি ব্যাংক,

৪. গ্রামীণ ব্যাংক জুবিলি ব্যাংক এবং

৫. পল্লী সঞ্চয় ব্যাংক।

• রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংক - ৬টি

• বাংলাদেশে বিশেষায়িত ব্যাংক - ৩টি

• বাংলাদেশে বিদেশি ব্যাংকের সংখ্যা ৯টি ।

তথ্যসূত্র: বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইট ও বাংলাপিডিয়া।

**৮৭) আন্তর্জাতিক মানবাধিকার দিবস কোনটি?**

ক) ১০ই ডিসেম্বর খ) ১১ই জানুয়ারি

গ) ১৫ই মার্চ ঘ) ১৮ই মার্চ

সঠিক উত্তরঃ ক) ১০ই ডিসেম্বর

• আন্তর্জাতিক মানবাধিকার দিবস ১০ই ডিসেম্বর।

• ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবস পালিত হয়।

- ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘ কর্তৃক ৩০টি ধারা সম্বলিত সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র গৃহিত হয় ।

- চুক্তি স্বাক্ষরের দিন ১০ ডিসেম্বরকে প্রতিবছর বিশ্ব মানবাধিকার দিবস হিসেবে পালন করা হয়।

তথ্যসূত্র: জাতিসংঘ ওয়েবসাইট।

**৮৮) ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র কোনটি?**

ক) ব্যারোমিটার খ) সিসমোগ্রাফ

গ) ম্যানোমিটার ঘ) সেক্সট্যান্ট

**সঠিক উত্তরঃ খ) সিসমোগ্রাফ**

• ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র - সিসমোগ্রাফ

- ভূমিকম্পের তীব্রতা মাপার যন্ত্র - রিখটার স্কেল,

- বায়ুমণ্ডলীয় চাপ নির্ণায়ক যন্ত্র - ব্যারোমিটার,

• উল্লেখ্য,

- রিকটার স্কেল ও সিসমোগ্রাফ দুটাই ভূমিকম্পের ক্ষেত্রে ব্যবহার করা হয়।

- সিসমোগ্রাফ ভূপৃষ্ঠের আন্দোলন পরিমাপনের এবং ভূমিকম্পের উৎস খুঁজে বের করার যন্ত্র।

- এর সাহায্যে অন্যান্য বিস্ফোরণ, প্রচণ্ড ঝড় ইত্যাদির খোঁজ পাওয়া যায়।

- এছাড়া মেরু অঞ্চলের বরফের গভীরতা, খনিজ তেল ভাণ্ডার ইত্যাদিও এর সাহায্যে বের করা সম্ভব।

- অপর দিকে, ভূমিকম্পের তীব্রতা মাপা হয় রিকটার স্কেলে মাধ্যমে।

তথ্যসূত্র: ব্রিটানিকা

**৮৯) ২১তম বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়-**

ক) ফ্রান্সে খ) ব্রাজিলে

গ) রাশিয়ায় ঘ) ইংল্যান্ডে

**সঠিক উত্তরঃ গ) রাশিয়ায়**

• ২১তম বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়- রাশিয়ায়।

• ২০২২ ফিফা বিশ্বকাপ হচ্ছে ফিফা বিশ্বকাপ প্রতিযোগিতার ২২তম আসর।

- ২১ তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় রাশিয়ায়।

- ২০১৮ সালে রাশিয়ায় ২১ তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়।

- ২০১৮ সালে চ্যাম্পিয়ন হয় ফ্রান্স।

সূত্র: ফিফা ওয়েবসাইট।

**৯০) বাংলাদেশের প্রথম জাদুঘর কোনটি?**

ক) বিজ্ঞান জাদুঘর খ) বরেন্দ্র গবেষণা জাদুঘর

গ) জাতীয় জাদুঘর ঘ) ঢাকা নগর জাদুঘর

**সঠিক উত্তরঃ খ) বরেন্দ্র গবেষণা জাদুঘর**

• বাংলাদেশের প্রথম জাদুঘর বরেন্দ্র গবেষণা জাদুঘর।

- দক্ষিণ এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালা বরেন্দ্র গবেষণা জাদুঘর রাজশাহী শহরের কেন্দ্রস্থল হাতেম খাঁন মহল্লায় অবস্থিত।

- ১৯১০ সালে প্রতিষ্ঠিত হয় বরেন্দ্র গবেষণা জাদুঘর।

- ১৮৬০ সালের ভারতীয় সমিতি আইন অনুযায়ী ১৯১৪ সালে বরেন্দ্র গবেষণা জাদুঘর নিবন্ধন লাভ করে।

- ভারতবর্ষে প্রাচীনকাল থেকেই শিল্পকলার একাধিক ঘরানা রয়েছে। এগুলোর মধ্যে বিখ্যাত হচ্ছে গান্ধারা, সারনাথ, মথুরা, মগধ এবং বরেন্দ্র ঘরানা।

- বরেন্দ্র গবেষণা জাদুঘর বরেন্দ্র ঘরানাকে প্রতিনিধিত্ব করছে।

সূত্র: রাজশাহী জেলা ওয়েবসাইট ও বাংলাপিডিয়া।

**৯১) মানবদেহের প্রতিটি কোষে কত জোড়া ক্রোমোজোম আছে?**

ক) 22 জোড়া খ) 23 জোড়া

গ) 24 জোড়া ঘ) 25 জোড়া

**সঠিক উত্তরঃ খ) 23 জোড়া**

• মানব দেহের কোষে ২৩ জোড়া ক্রোমজম থাকে ।

- এ ২৩ জোড়া ক্রোমোজোমের মধ্যে ২২ জোড়া ক্রোমোজোমকে বলা হয় অটোজোম ।

- অটোজোম দেহের নানা প্রকার গঠন প্রণালি ও জৈবিক কাজ নিয়ন্ত্রণ করে।

- লিঙ্গ নির্ধারণে এদের কোনও ভূমিকা নেই ।

- অপর এক জোড়া ক্রোমোজোমকে বলা হয়।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

- সেক্স ক্রোমোজোম বা লিঙ্গ নির্ধারক ক্রোমোজোম।
- সন্তান ছেলে না মেয়ে হবে তা নির্ধারণ করে লিঙ্গ নির্ধারক ক্রোমোজোম।
- লিঙ্গ নির্ধারক ক্রোমোজোম জোড়াকে X এবং Y নামে চিহ্নিত করা হয়।
উৎস: জীববিজ্ঞান-২য় পত্র, এইচএসসি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৯২) 'CNG'-এর পূর্ণরূপ কী?**

ক) Converted Natural Gas খ) Compressed Natural Gas
গ) Conversed Natural Gas ঘ) Connected Natural Gas

**সঠিক উত্তরঃ খ) Compressed Natural Gas**

• CNG এর পূর্ণরূপ Compressed Natural Gas।
• CNG এর পূর্ণরূপ Compressed Natural Gas
- প্রাকৃতিক গ্যাসকে অতি উচ্চ চাপে সংকুচিত করা হলে প্রাপ্ত নমুনাকে CNG বলে।
- এটি পরিবেশ বান্ধব জ্বালানি।
সূত্র: এইচ এস সি রসায়ন ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৯৩) সিডর- কী?**

ক) ঘূর্ণিঝড় খ) সুনামি
গ) টাইফুন ঘ) সাইক্লোন

**সঠিক উত্তরঃ ক) ঘূর্ণিঝড়**

• সিডর হচ্ছে ঘূর্ণিঝড়।
• সিডর (Sidr) এ যাবৎকালে বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড়সমূহের মধ্যে সর্বাপেক্ষা শক্তিশালী।
- বঙ্গোপসাগরের কেন্দ্রীয় অঞ্চল থেকে উৎপত্তি লাভের পরই ক্রমশ শক্তি সঞ্চয় করতে থাকে।
- এ সময় বাতাসের সর্বোচ্চ গতিবেগ ছিল ঘন্টায় প্রায় ২৬০ কিমি সাফাইর-সিম্পসন (Saffire-Simpson scale) অনুযায়ী ৫ মাত্রার ঘূর্ণিঝড়ের সমতুল্য।
- ২০০৭ সালের ১৫ই নভেম্বর ঘূর্ণিঝড়টি বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে প্রচন্ডভাবে আঘাত করে।
- ঘূর্ণিঝড় এবং তদুপরি জলোচ্ছাসের প্রভাবে প্রায় দশ সহস্রাধিক মানুষ প্রাণ হারায়।
- বাংলাদেশের উপকূলীয় ছাড়াও ভারতের চেন্নাই, তামিলনাড়ু এবং আরও কিছু রাজ্য সিডর এর আঘাতে ক্ষতিগ্রস্থ হয়।
- তবে বাংলাদেশে ক্ষয়ক্ষতির পরিমাণ সর্বাধিক।
সূত্র: বাংলাপিডিয়া।

**৯৪) গুগল কী?**

ক) সার্চ ইঞ্জিন খ) সফটওয়্যার প্রতিষ্ঠান
গ) ওয়েব সাইট ঘ) হার্ডওয়্যার প্রতিষ্ঠান

**সঠিক উত্তরঃ ক) সার্চ ইঞ্জিন**

• গুগল হচ্ছে সার্চ ইঞ্জিন।
• সের্গেই ব্রিন এবং ল্যারি পেজ গুগলের প্রতিষ্ঠাতা।
- ১৯৯৮ সালে গুগল প্রতিষ্ঠিত হয়।
- ইন্টারনেট থেকে যেকোনো বিষয়ে তথ্য, ভিডিও, অডিও, মুভি, সফটওয়্যার, ইমেজ, ডকুমেন্ট সহ সকল সহজে বের করার জন্য এই গুগল সার্চ ইঞ্জিন (google search engine) বর্তমানে বিশ্বে সবচেয়ে বেশি ব্যবহার হয়।
সূত্র: ব্রিটানিকা।

**৯৫) আলজাজিরা কোন দেশের সংবাদ সংস্থা?**

ক) কাতার খ) আফগানিস্তান
গ) আলজেরিয়া ঘ) আরব আমিরাত

**সঠিক উত্তরঃ ক) কাতার**

• আলজাজিরা কাতারের সংবাদ সংস্থা।
• আল জাজিরা1996 সালে কাতারের আমির শেখ হামাদ ইবনে খলিফা আল থানি দ্বারা প্রতিষ্ঠিত।
সূত্র: আলজাজিরা ওয়েব সাইট।

**৯৬) বিজ্ঞানীরা ইবোলা ভাইরাস শনাক্ত করেন কবে?**

ক) ১৯৭৫ সালে খ) ১৯৭৬ সালে
গ) ১৯৭৭ সালে ঘ) ১৯৭৮ সালে

**সঠিক উত্তরঃ খ) ১৯৭৬ সালে**

• বিজ্ঞানীরা ইবোলা ভাইরাস শনাক্ত করেন ১৯৭৬ সালে।
• ইবোলা রোগের ভাইরাস প্রথম চিহ্নিত হয়েছিল ১৯৭৬ সালে।
- কিন্তু ২০১৪ থেকে ২০১৬ সালে পশ্চিম আফ্রিকায় যে ইবোলার প্রাদুর্ভাব হয় সেটাই ছিল সবচেয়ে বড় আকারের।
- বিশ্বস্বাস্থ্য সংস্থার হিসেব অনুযায়ী এতে মারা যায় ১১ হাজারের বেশি লোক, আর সংক্রমিত হয়েছিল ২৮ হাজার।
- দু বছর ধরে চলা এ সংক্রমণে আক্রান্ত লোক পাওয়া গিয়েছিল ১০টি দেশে।
- এর মধ্যে আফ্রিকান দেশ ছাড়াও মার্কিন যুক্তরাষ্ট্র, স্পেন, যুক্তরাজ্য এবং ইটালিও আছে।
- বিজ্ঞানীরা নানা পরীক্ষা ও অনুসন্ধানের মাধ্যমে নিশ্চিত হয়েছেন যে এর উৎস ছিল গিনির মেলিয়ান্দো গ্রামের দু'বছর বয়সের একটি শিশু।
সূত্র: বিবিসি নিউজ।

**৯৭) গোবি মরুভূমি কোন মহাদেশে অবস্থিত?**

ক) এশিয়া খ) আফ্রিকা
গ) ইউরোপ ঘ) আমেরিকা

**সঠিক উত্তরঃ ক) এশিয়া**

• গোবি মরুভূমি এশিয়া মহাদেশে অবস্থিত।
• গোবী মরুভূমি (Gobi Desert) মধ্য এশিয়ায় অবস্থিত একটি বিশাল মরুভূমি।
- মরুভূমিটির অবস্থান মঙ্গোলিয়া ও চীন - দুই দেশে বিস্তৃত।
- মরুভূমিটি আনুমানিক ১৩ লক্ষ (১২ লক্ষ ৯৫ হাজার) বর্গকিলোমিটার আয়তন বিশিষ্ট ।
- বিখ্যাত কিছু মরুভূমির অবস্থান থর মরুভূমি : ভারত ও পাকিস্তান।
- গোবি মরুভূমি : চীন ও মঙ্গোলিয়া
- সাহারা মরুভূমি : আফ্রিকা
তথ্যসূত্র: ব্রিটানিকা।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৯৮) জাতিসংঘ দিবস পালিত হয় কত তারিখে?**

ক) ২৪শে আগষ্ট খ) ২৪শে সেপ্টেম্বর

গ) ২৪শে অক্টোবর ঘ) ২৪শে নভেম্বর

**সঠিক উত্তরঃ গ) ২৪শে অক্টোবর**

• ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস।

• ১৯৪৫ সালের ২৬শে জুন মার্কিন যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকো শহরে ৫০টি দেশ জাতিসংঘ সনদে স্বাক্ষর করে।

- ৫১তম দেশ হিসেবে পোল্যান্ড একই বছরের ১৫ অক্টোবর জাতিসংঘ সনদে স্বাক্ষর করে।

- ২৪ অক্টোবর ১৯৪৫ জাতিসংঘ সনদ কার্যকরের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে জাতিসংঘ আত্মপ্রকাশ করে।

- তাই ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস।

- জাতিসংঘের সদরদপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে অবস্থিত।

সূত্র: জাতিসংঘ ওয়েবসাইট।

**৯৯) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প কোথায় অবস্থিত?**

ক) ভেড়ামারা, কুষ্টিয়া খ) কেরাণীগঞ্জ, ঢাকা

গ) রামপাল, বাগেরহাট ঘ) ঈশ্বরদী, পাবনা

**সঠিক উত্তরঃ ঘ) ঈশ্বরদী, পাবনা**

• পাবনা জেলার ঈশ্বরদী থানার পদ্মা নদী তীরবর্তী রূপপুর-কে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের স্থান হিশেবে নির্বাচন করা হয়।

- একাধিক সমীক্ষার মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্পের যথার্থতা যাচাই করা হয়।

- পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের জন্য ২৬০ একর এবং আবাসিক এলাকার জন্য ৩২ একর জমি অধিগ্রহণ করা হয়।

সূত্র: রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প ওয়েবসাইট।

**১০০) “আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১শে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি”- গানটির রচিয়তা কে?**

ক) আলতাফ মাহমুদ খ) গাজী মাজহারুল আনোয়ার

গ) আবদুল গাফ্ফার চৌধুরী ঘ) আলাউদ্দীন আলী

**সঠিক উত্তরঃ গ) আবদুল গাফ্ফার চৌধুরী**

• "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি......" গানটির রচয়িতা সাংবাদিক ও লেখক আবদুল গাফ্ফার চৌধুরী।

- গানটির প্রথম সুরকার ছিলেন আবদুল লতিফ।

- বর্তমান সুরকার আলতাফ মাহমুদ।

- ঢাকা কলেজের নতুন নতুন ছাত্র ইউনিয়নের অভিষেক অনুষ্ঠানে গানটি প্রথম গাওয়া হয় ।

উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322